

এ পথে আমি-যে গেছি বার বার, ভুলি নি তো এক দিনও ।
 আজ কি ঘুচিল চিহ্ন তাহার, উঠিল বনের তৃণ ॥
 তবু মনে মনে জানি নাই ভয়, অনুকূল বায়ু সহসা যে বয়—
 চিনিব তোমায় আসিবে সময়, তুমি যে আমায় চিন ॥
 একেলা যেতাম যে প্রদীপ হাতে নিবেছে তাহার শিখা ।
 তবু জানি মনে তারার ভাষাতে ঠিকানা রয়েছে লিখা ।
 পথের ধারেতে ফুটিল যে ফুল জানি জানি তারা ভেঙে দেবে ভুল—
 গন্ধে তাদের গোপন মৃদুল সঙ্কেত আছে লীন ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail